দৈনিক

# ইনকিলাব

তারিখ 18 DEC 2008 ...
পৃষ্ঠা ১৭ কলাম ৪

## ১ম শ্রেণীর গেজেটেড মর্যাদা দাবীতে সরকারী মাধ্যমিক শিক্ষকদের আমরণ অনশন

স্টাফ রিপোর্টার : ১ম শ্রেণীর গেজেটেড পদমর্যাদা দ্রুত বাস্তবায়নের দাবীতে বাংলাদেশের ৩১৭টি সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা কেন্দ্রীয় শহীদ মিনারে গতকাল ১৭ ডিসেম্বর হতে আমরণ অনশন কর্মসূচী পালন করছে। অনশন চলাকালে সহকারী শিক্ষক সমিতির আহ্বায়ক মোঃ মোয়াজ্জেম হোসেন বলেন, বাংলাদেশ সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের সাথে সরকার বিমাতাসুলভ আচরণ করছে। সরকারী শিক্ষকদের সমমর্যাদাসম্পন্ন অন্যান্য পদকে ১ম শ্রেণীর গেজেটেড পদমর্যাদা দিলেও সহকারী শিক্ষকরা ১৯৭৩ সালের অবস্থানে রয়েছে। তিনি বলেন, সহকারী শিক্ষকদের সমমর্যাদা সম্পন্ন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাব-রেজিস্ট্রার, পিটিআই ইন্সট্রাক্টর এমনকি পিটিআই সংযুক্ত পরীক্ষণ (প্রাথমিক) বিদ্যালয়ের শিক্ষকগণকেও ১ম শ্রেণীর গেজেটেড পদমর্যাদা দিতে পারলে সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১ম শ্রেণীর পদমর্যাদা দিতে কোন বাধা থাকতে পারে না। তিনি আরও বলেন, সরকার সহকারী শিক্ষকদের গেজেটেড পদমর্যাদা বাস্তবায়ন না করা পর্যন্ত শিক্ষকরা এই শহীদ মিনারেই আমরণ অনশন কর্মসূচী পালন করবেন। সমিতির সদস্য সচিব একেএম বুলবুল বলেন, সরকারী শিক্ষকদের প্রাণের দাবী ১ম শ্রেণীর গেজেটেড পদমর্যাদা নিয়েই শিক্ষকরা বিদ্যালয়ে যাবেন। শিক্ষক নেতা মোঃ আফজাল হোসেন সহকারী শিক্ষকদের অতি দ্রুত ১ম শ্রেণীর পদমর্যাদা প্রদানের দাবী জানান। তিনি তার বক্তব্যে শিক্ষকদের বদলির ক্ষেত্রে সরকারী নীতিমালার বাস্তবায়ন ও সহকারী শিক্ষকদের দিয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সকল পদ পূরণের দাবী জানান। সভায় বিভিন্ন আঞ্চলিক নেতৃবৃন্দ ছাড়াও কেন্দ্রীয় নেতা মোহাম্মদ আলী বেলাল, জাকিয়া সুলতানা, সৈয়দ শফিকুল ইসলাম, ইয়াসমিন আহমদ, আবু জোবায়ের আলী আজাদ, শাহনেওয়াজ খান প্রমুখ বক্তব্য রাখেন।